

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২৮-১

শান্তিরবাজার, ২০ সেপ্টেম্বর, ২০২৪

রাজ্য সরকার তৃণমূলস্তরে শিক্ষার বিকাশ  
ঘটানোর লক্ষ্যে কাজ করছে : সমবায়মন্ত্রী

শান্তিরবাজার মহকুমার সানফ্লাওয়ার ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উভ্রূণ কৃতী ছাত্রছাত্রীদের আজ এক অনুষ্ঠানের মাধ্যমে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া সংবর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াৎ, শান্তিরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সদস্য নীতিশ দেবনাথ, প্রাক্তন উপাধ্যক্ষ গৌরী শংকর রিয়াৎ প্রমুখ।

অনুষ্ঠানের উদ্বোধন করে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, রাজ্য সরকার তৃণমূল স্তরে শিক্ষার বিকাশ ঘটানোর লক্ষ্যে বিদ্যালয়গুলিতে ডিজিটাল ক্লাশরুম, কম্পিউটার স্থাপন, নতুন ক্লাশরুম নির্মাণের কাজ করছে। শিক্ষার গুণগতমান উন্নত করা সরকারের অন্যতম উদ্দেশ্য। বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলগুলি দুট মেরামত করা হবে বলে জানান সমবায়মন্ত্রী। অনুষ্ঠানে মাধ্যমিকের ৪৬ জন এবং উচ্চমাধ্যমিকের ১৮ জন কৃতী ছাত্রছাত্রীকে সংবর্ধনা স্মারক তুলে দেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া এবং বিধায়ক প্রমোদ রিয়াৎ। সংবর্ধনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সানফ্লাওয়ার ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অধ্যক্ষ গোপাল মল্লিক। সমবায়মন্ত্রী বিদ্যালয়ে ১টি ডিজিটাল ক্লাশরুম, অত্যাধুনিক লাইব্রেরি, নার্সারি বিভাগের ছাত্রছাত্রীদের জন্য নতুন ক্লাশরুম উদ্বোধন করেন। বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয় পরিচালন কমিটির চেয়ারম্যান প্রবীর বরণ দাস।

\*\*\*\*\*